

১) একই অর্থের শব্দ বেছে নিয়ে নীচের শব্দগুলির পাশে পাশে লেখ।

(অন্যতম, সম্প্রীতি, অবদান, রচিত, প্রীতি)

ক) যা প্রশংসার যোগ্য কাজ — অবদান।

খ) বেশ প্রধান — অন্যতম।

গ) ভালোবাসা — প্রীতি।

ঘ) রচনা করা হয়েছে এমন — রচিত।

ঙ) ভালোভাবে মিলেমিশে থাকা — সম্প্রীতি।

২) বাক্য রচনা কর।

ক) মাতৃভাষা — আমাদের মাতৃভাষা বাংলা।

খ) সম্রাট — সম্রাট শাহজাহানের আমলে 'তাজমহল' তৈরী হয়েছিল।

গ) স্বীকার — অন্যায় কাজ করলে তা সব সময় স্বীকার করা উচিত।

ঘ) পশ্চিমবঙ্গ — পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতা।

ঙ) অন্যতম — কালীঘাটের মন্দির কলকাতার অন্যতম একটি দর্শনীয় স্থান।

৩) শূন্যস্থান পূরণ কর।

ক) পূর্ববঙ্গের বর্তমান নাম বাংলাদেশ।

খ) বাংলা ভাষা মাত্র এক হাজার বছরের পুরানো।

গ) পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের অধিবাসীরা বাঙালি নামে পরিচিত।

ঘ) পৃথিবীর অন্যান্য ভাষার তুলনায় বাংলা ভাষা বেশ নতুন।

ঙ) বাংলা এখন পৃথিবীর একটি অন্যতম শ্রেষ্ঠ ভাষা।

৪) একটি বাক্যে উত্তর দাও।

ক) আগে পশ্চিমবঙ্গের বিভিন্ন অংশের কি কি নাম ছিল?

উঃ আগে পশ্চিমবঙ্গের বিভিন্ন অংশের রাঢ়, গৌড়, পৌণ্ড্র, বারেন্দ্রভূমি ইত্যাদি নাম ছিল।

খ) কোন রাষ্ট্রের মধ্যে পশ্চিমবঙ্গ রাজ্য?

উঃ ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ রাজ্য।

গ) বাঙালিরা কি কেবল পশ্চিমবঙ্গেই বাস করেন?

উঃ না, বাঙালিরা কেবল পশ্চিমবঙ্গেই নয়, বাংলাদেশেও বাস করেন।

ঘ) বাঙালিদের মধ্যে দুজন বিখ্যাত কবির নাম লেখ।

উঃ বাঙালিদের মধ্যে দুজন বিখ্যাত কবির নাম হল রবীন্দ্রনাথ ঠাকুর ও সুকুমার রায়।

ঙ) 'বর্ণপরিচয়' গ্রন্থটি কে লিখেছেন?

উঃ 'বর্ণপরিচয়' গ্রন্থটি লিখেছেন ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়।